# মুমিনের দু‘আ

বিভাগ/অধ্যায়ঃ দু‘আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

দু‘আ করার কতিপয় নিয়ম বা বৈশিষ্ট্য

১. আল্লাহর প্রতি ইখলাস ও একনিষ্ঠতা।

২. দু‘আর শুরুতে আল্লাহর প্রশংসা করা, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের প্রতি দরূদ পাঠ করা এবং দু‘আর শেষেও পুনরায় দরূদ পাঠ করা।

৩. একাগ্রতা ও দৃঢ়তার সাথে দু‘আ করা এবং কবুলের ব্যাপারে নিশ্চিত থাকা।

৪. দু‘আ কবুলের ব্যাপারে তাড়াহুড়ো না করা।

৫. সুখে-দুঃখে সবসময় দু‘আ করা।

৬. আল্লাহ ব্যতীত ব্যতীত অন্য কারও নিকট প্রর্থনা না করা।

৭. বার বার দু‘আ করা।

৮. পরিবার-পরিজন, ধন-সম্পদ, সন্তান-সন্ততি ও নিজের উপর বদ দু‘আ না করা।

৯. মধ্যম স্বরে বিনয়ের সাথে আল্লাহর নিকট প্রার্থনা করা।

১০. ছন্দবদ্ধ বা মিলযুক্ত গদ্য দিয়ে কৃত্রিমভাবে দু‘আ না করা।

১১. ধৈর্য ও সালাতের মাধ্যমে দু‘আ করা।

১২. আল্লাহর সুন্দর নামসমূহের অসীলায় দু‘আ করা।

১৩. ওযূ করে কিবলামুখী হয়ে দু‘আ করা।

১৪. নেক আমলের মাধ্যমে গভীর আগ্রহের সাথে দু‘আ করা।

১৫. হারাম খাদ্য, পানীয়, বস্ত্র বর্জন করে দু‘আ করা।

১৬. দুই রাকাত সালাত আদায় করে দু‘আ করা।

১৭. দু‘আয় সীমালঙ্ঘন না করা।

১৮. অন্যের জন্য দু‘আ করলে প্রথমে নিজের জন্য দু‘আ করা।

১৯. অপরাধ স্বীকার করে বিশুদ্ধ নিয়তে দু‘আ করা।

২০. যাবতীয় পাপাচার থেকে বিরত থাকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14998

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন